

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
১৩ # শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

স্মারক নং-০৩.০৯.০০০০.৬৬১.৬৮০৩২.১৬

তারিখঃ ০৭/০৯/২০১৬ খ্রিঃ

বিষয় : সকল বিদেশী সাহায্যপুষ্টি বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও) —কে উৎসে কর্তনের বিষয়টি অবহিত করণ এবং উৎসে কর্তিত মুসক নিয়মিত সরকারি কোষাগারে জমাদানপূর্বক ট্রেজারি চালানের মূলকপি জমা দান প্রসঙ্গে।

সূত্র : কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর স্মারক নং-৪(৬)০২-/মুসক নীতি/উৎসে কর্তন/২০১৬/৬৭০, তারিখ-০৯/০৮/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোল্লিখিত পত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বিদেশী সাহায্য পুষ্টি দেশী/বিদেশী সকল বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা —কে এই মর্মে অবহিত করা যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নম্বর-৬/মুসক/২০১৬, তারিখ-০২/০৬/২০১৬ খ্রিঃ এর অনুচ্ছেদ ৪ অনুসারে সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫% (পনের) হারে উৎসে কর্তিত মুসক ১০(দশ) কর্ম দিবসের মধ্যে সরকারি কোষাগারে জমাদানপূর্বক ট্রেজারি চালানের মূলকপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করতে হবে।

২। এমতাবস্থায় উপরোক্ত সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(নার্গিস আকতার ডলী)  
সহকারী পরিচালক  
ফোনঃ ৯৫৬৭০৪৭।

- ১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), ১৬০/এ, কাকরাইল, ঢাকা।
- ২। বিদেশী সাহায্যপুষ্টি দেশী/বিদেশী সকল এনজিও (এনজিও বিষয়ক ব্যুরোর ওয়েব সাইটের মাধ্যমে সংশ্লিষ্ট সকল-কে জ্ঞাত করা হলো)।
- ৩। অফিস কপি।